তারিখ : 14 MAY 2018
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

শিক্ষকদের প্রতি শিক্ষামন্ত্রী

# বাড়তি রোজগারের চিন্তা না করে ক্লাসে মনোযোগী হতে হবে

নিজস্ব বার্তা পরিবেশক

বাড়তি রোজগারের চিন্তা না করে শিক্ষকদের ক্লাসে মনোযোগী হতে নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল বাংলা একাডেমির সাহিত্যবিশারদ আবদুল করিম মিলনায়তনে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ নির্দেশ দেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার্থীদের প্রাইভেট পড়তে বাধ্য করা যাবে না। শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধ করতে হবে। ক্লাসেই সম্পূর্ণ সিলেবাস পড়াতে হবে। এর ব্যত্যয় হলে ব্যবস্থা গ্রহণ করা হবে। শিক্ষকদের উদ্দ্যেশে মন্ত্রী আরও বলেন, অতিরিক্ত রোজগারের চিন্তা বাদ দিয়ে ক্লাসে মনোযোগী হোন। কোনভাবেই কোচিং বাণিজ্য চলবে না। মন্ত্রী বলেন, শিক্ষকদের নিজেকে এমনভাবে গড়ে তুলতে হবে যেন সমাজ তাদের গ্রহণ করে। চরিত্র, জ্ঞান, দক্ষতা ও যোগ্যতায় তাদের শিক্ষার্থী ও অভিভাবকদের কাছে রোল মডেল হতে হবে। তখন সমাজই তাদের সুযোগ, সুবিধার কথা বলবে।

আধুনিক ও উন্নত বাংলাদেশ গড়ে তুলতে শিক্ষকদের প্রতি নতুন প্রজন্মকে জ্ঞান, বিজ্ঞান, দক্ষতা ও প্রযুক্তিতে বিশ্বমানের যোগ্য করে গড়ে তোলার আহবান জানিয়ে বলেন, সরকার তাই তাদের (শিক্ষকদের) মান মর্যাদা ও পেশাগত দক্ষতা বৃদ্ধিতে নানা কর্মসূচি গ্রহণ করেছে। জাতি গঠনে শিক্ষকগণ তাদের ওপর অর্পিত দায়িত্ব নিবেদিতভাবে পালন করে যাবেন বলেও আশা প্রকাশ করেন মন্ত্রী।

'জাতীয় বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা ও শিক্ষার মানোন্নয়ন' বিষয়ে ঢাকা ও ময়মনসিংহ অঞ্চলের অধ্যক্ষদের নিয়ে বাড়তি : পৃষ্ঠা : ২ ক : ৭

## বাড়তি : রোজগারের

(১৬ পৃষ্ঠার পর)

এই মতবিনিময় সভার আয়োজন করে জাতীয় বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদের সভাপতিত্বে বিভিন্ন কলেজের অধ্যক্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা উপস্থিত ছিলেন। সভায় ঢাকা ও ময়মনসিংহ বিভাগের ৫৩৫টি কলেজের অধ্যক্ষগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়ন, সেসনজট নিরসন, প্রশাসনিক ব্যবস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মতো নানা বিষয়ে মত বিনিময় করেন।

অনুষ্ঠানে অংশ নেয়া অধ্যক্ষদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের নানা সমস্যা, অসঙ্গতির অভিযোগের প্রেক্ষিতে শিক্ষামন্ত্রী বলেন, একসময় দুর্নীতি, কেলেঙ্কারির উদাহরণ দেয়া হতো জাতীয় বিশ্ববিদ্যালয়কে।